**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/27/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল কুইন্সের প্রথম প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা ডিস্পেন্সারি উদ্বোধনের ঘোষণা করলেন

## *30 মার্চ স্টেটের সামাজিক সমতা গাঁজা বিনিয়োগ দ্বারা সমর্থিত প্রথম নারী মালিকানাধীন ডিস্পেন্সারি খুলবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, স্টেটের প্রথম নারী মালিকানাধীন শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের খুচরা ডিস্পেন্সারি (Conditional Adult-Use Retail Dispensary, CAURD) লাইসেন্স, যার মালিক পূর্বে গাঁজা নিষেধাজ্ঞা দ্বারা দোষী সাব্যস্ত একজন উদ্যোক্তা, তা 30 মার্চ, বৃহস্পতিবার, দুপুর 2টায়, 162-03 জ্যামাইকা অ্যাভিনিউতে জনগণের কাছে বিক্রির জন্য খুলবে। গুড গ্রেডস (Good Grades) নামক কুইন্সের এই ডিস্পেন্সারিটি একটি নারী মালিকানাধীন পারিবারিক ব্যবসা যা পরিচালনা করবে উদ্যোক্তা এক্সট্যাসি জেমস ও তার কাজিন মাইকেল জেমস জুনিয়র, যে কুইন্সের একজন স্থানীয় বাসিন্দা এবং সংখ্যালঘু ব্যবসা সম্প্রদায়ের অ্যাডভোকেসি করার কেন্দ্রীয় মূল্যবোধসহ মক্কেলদের কাজে মনোনিবেশ করে এমন একজন অ্যাটর্নি।

"কুইন্সে গুড গ্রেডস খোলার মাধ্যমে, আমরা নিউ ইয়র্কে একটি নিরাপদ, নিয়ন্ত্রিত গাঁজা শিল্পখাত তৈরির ক্ষেত্রে আমাদের অগ্রগতিকে অগ্রসর করা অব্যাহত রাখছি," **গভর্নর হোকল বলেন।** "উদ্যোক্তাদের সমর্থন করতে, এবং ভোক্তারা যাতে নিজেদের সম্প্রদায়কে সমর্থন করার পাশাপাশি নিরাপদ, বৈধ পণ্য ক্রয় করতে পারে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক কাজ করছে।"

নিউ ইয়র্ক স্টেটের সামাজিক সমতা গাঁজা বিনিয়োগ তহবিল (New York State Social Equity Cannabis Investment Fund) গুড গ্রেডসকে সমর্থন করছে এবং এটি একটি "পপ-আপ" হিসেবে খুলবে। তহবিলটি দ্বারা সমর্থিত অন্যান্য কিছু ডিস্পেন্সারির মতো, এটি লাইসেন্সগুলিকে স্বল্পমেয়াদে খোলার সুযোগ প্রদান করবে যাতে বিক্রি ত্বরান্বিত করা যায়, কর্মচারীদেরকে প্রশিক্ষণ সুযোগ প্রদান করা যায় এবং তাদের ব্যবসার জন্য মূলধন সৃষ্টি শুরু করা যায়। পরবর্তীতে, এটিকে চূড়ান্ত নির্মাণকাজের জন্য করা বন্ধ হবে এবং এরপর দীর্ঘমেয়াদের জন্য পুনরায় খুলে দেওয়া হবে।

পপ-আপ কর্মসূচিটি গাঁজা সরবরাহ চেইনে জড়িত সকল ব্যবসার জন্য লাভজনক, যার মধ্যে রয়েছে বিতরণের জন্য প্রস্তুত গাঁজাসহ চাষী, গাঁজাকে অন্য ধরনের পণ্যে পরিণত করা

প্রক্রিয়াজাতকারক, এবং ভোক্তাদের আস্থা আছে এমন নিরাপদ পণ্য প্রদান করতে কাজ করা বিতরণকারী ও খুচরা বিক্রির অপারেটর। ডিস্পেন্সারিটি খোলা গাঁজা লাইসেন্সিংয়ে সমতার ক্ষেত্রে নিউ ইয়র্কের লক্ষ্য অগ্রসর করাকে সাহায্য করবে, যার অগ্রাধিকার হলো মামলায় জড়িত থাকা ব্যক্তিদের অর্থাৎ গাঁজা সংক্রান্ত ব্যাপারে নিজে দোষী সাব্যস্ত হওয়া ব্যক্তিকে বা দোষী সাব্যস্ত হওয়া কারো ঘনিষ্ঠ আত্মীয়কে লাইসেন্স প্রদান করা।

**নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষের (Dormitory Authority for the State of New York, DASNY) প্রেসিডেন্ট রুবেন ম্যাকড্যানিয়েল দ্য থার্ড বলেন,** "কুইন্সের প্রথম ডিস্পেন্সারি খোলার মাধ্যমে আমরা নিবিড়ভাবে অন্তর্নিহিত ঐতিহাসিক অবিচার সমাধানে এবং গাঁজা নিষেধাজ্ঞার অসামঞ্জস্যপূর্ণ প্রয়োগের ফলে সর্বাধিক ক্ষতিগ্রস্তদের জন্য আন্তঃপ্রজন্মের সম্পদ তৈরির নতুন সুযোগ তৈরি করার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে পুনরায় প্রতিষ্ঠা করছি। গভর্নর হোকলের নেতৃত্ব, আইনসভা থেকে এই কর্মসূচিটি যেই অসাধারণ সমর্থন পেয়েছে, এবং তহবিলের নেতৃত্বের কাজের জন্য আমি কৃতজ্ঞ, এর সবই আমাদেরকে এই গুরুত্বপূর্ণ উদ্যোগে আমাদের অগ্রগতি অব্যাহত রাখতে সাহায্য করেছে।"

**গুড গ্রেডসের মালিক এক্সট্যাসি জেমস বলেন,** "নিউ ইয়র্কের কুইন্সের সর্বপ্রথম ডিস্পেন্সারি, গুড গ্রেডসের দুয়ার খুলে দিতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। গাঁজা পাওয়ার সুযোগ বিস্তৃত করতে এবং বহু মানুষকে, বিশেষ করে প্রান্তিক সম্প্রদায়সমূহের মানুষকে এই দারুণ উদ্ভিদের সুবিধা উপভোগ করা থেকে বঞ্চিত করে এমন প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলার ব্যাপারে আমরা অনেক বেশি উৎসাহী। আমরা নিজেদের অভিজ্ঞতা থেকে জানি যে অনেক দীর্ঘ সময় ধরে গাঁজার সাথে একটি কলঙ্ক জড়িয়ে আছে, এবং আমরা তা পরিবর্তনে সাহায্য করার জন্য একটি সমৃদ্ধশালী গাঁজা সম্প্রদায়ে যোগ দিতে আগ্রহী। আমাদের ডিস্পেন্সারি একটি স্বাগত ও অন্তর্ভুক্তিকর স্থান হবে যেখানে যে কেউ নিজেদের অনন্য প্রয়োজনের সাথে মানানসই পণ্য সম্পর্কে জানতে, ব্যবহার করতে ও খুঁজে নিতে পারবে।"

**গুড গ্রেডসের সহমালিক মাইকেল জেমস জুনিয়র বলেন,** "কুইন্সের জ্যামাইকা এখন গাঁজা শিল্পখাতের জন্য একটি ল্যান্ডমার্ক, যেহেতু কুইন্সের প্রথম ডিস্পেন্সারিটি এখানে খুলতে যাচ্ছে। এই সুযোগের ব্যাপারে এবং আমাদের হোমটাউনে প্রথমবারের মতো এটি আনার মহান দায়িত্ব পেয়ে আমি অতিশয় আনন্দিত। নতুন এই প্রচেষ্টাটি আমাদের পরিবার, হোমটাউন ও নিউ ইয়র্কের নারীদের জন্য উল্লেখযোগ্য একটি মাইলফলক। গভর্নর হোকল, DASNY, এবং গাঁজা নিয়ন্ত্রণ বোর্ড (Cannabis Control Board), গাঁজা ব্যবস্থাপনা অফিস (Office of Cannabis Management, OCM), তহবিলের পাশাপাশি আমাদেরকে এই মাইলফলকে পৌঁছাতে সাহায্য করা অগণিত সমর্থন দলকেও আমরা ধন্যবাদ জানাতে চাই।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন,** "সামাজিক পরিবর্তন দ্রুত বা সহজে হয় না, কিন্তু কুইন্সে প্রথম লাইসেন্সকৃত গাঁজা ডিস্পেন্সারি খোলার ঘটনা আমাদের বরোর জন্য রূপান্তরের থেকে কম কিছু নয়। একসময় যেটি অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহকে লক্ষ্যবস্তু করার একটি হাতিয়ার ছিলো, তা অবশেষে আমাদের অর্থনৈতিক ধাঁধার একটি অতি গুরুত্বপূর্ণ ও বৈধ অংশ হতে যাচ্ছে যা সেই একই সম্প্রদায়সমূহে কর্মসংস্থান, সম্পদ ও সুযোগের সৃষ্টি করবে। ইতিহাস সৃষ্টির জন্য গুড গ্রেডস এবং উদ্যোক্তা মাইকেল জেমস

জুনিয়রকে অভিনন্দন, আমাদের অর্থনীতির উদীয়মান এই খাতটির মূল যাতে সমতা ও ক্ষমতায়ন হয় তা নিশ্চিত করতে একত্রে কাজ করার জন্য আমি উন্মুখ।"

**গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের প্রধান ট্রেমাইন রাইট বলেন,** "এই বাজারের অব্যাহত অগ্রগতি দেখার মতো একটি ব্যাপার, এবং আমি গর্বিত যে আমরা কুইন্সে প্রথম নারী মালিকানাধীন ডিস্পেন্সারি খুলতে যাচ্ছি। গভর্নর হোকল এবং আইনসভার সমর্থন ছাড়া আমরা আজকে এখানে থাকতে পারতাম না, এবং গাঁজা নিষেধাজ্ঞার অসামঞ্জস্যপূর্ণ প্রয়োগের দ্বারা ক্ষতির ক্ষতিপূরণ করতে তারা যে এই শিল্পখাতের জন্য সমতার একটি পথকে সমর্থন করা অব্যাহত রেখেছে তার জন্য আমি কৃতজ্ঞ।"

**গাঁজা ব্যবস্থাপনা অফিসের নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেন,** "গাঁজা নিষেধাজ্ঞার অতিরিক্ত প্রয়োগের দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহকে পুনর্জীবিত করতে সাহায্য করবে এমন একটি সমতার শিল্পখাত গঠনের জন্য আমাদের স্টেটের গাঁজা আইনের লক্ষ্য অর্জনে আমরা কাজ করা অব্যাহত রেখেছি। কুইন্সে প্রথম নারী মালিকানাধীন ডিস্পেন্সারি খোলার মাধ্যমে আমরা বিশ্বকে প্রদর্শন করছি যে সমতাকে সামনে রেখে সঠিক উপায়ে আমরা এই বাজারের সূচনা করছি।"

**তহবিলের সাধারণ অংশীদার সোশ্যাল ইক্যুইটি ইম্প্যাক্ট ভেঞ্চার্স, LLC (Social Equity Impact Ventures, LLC) এর জেনারেল প্রিন্সিপ্যাল লাভেটা উইলিস বলেন, "ব্যবসার মালিক একজন নারী হিসেবে,** আমি এই শিল্পখাতে আরেকজন নারী সাফল্যকে সমর্থন করতে পেরে সম্মানিত বোধ করছি। গাঁজা খাতে কৃষ্ণাঙ্গ নারীরা সুবিধাবঞ্চিত ও তাদের প্রতিনিধিত্ব অপ্রতুল, এবং আমরা তা পরিবর্তন করার জন্য পদক্ষেপ গ্রহণ করছি।একটি দল হিসেবে আমরা প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলছি এবং তহবিল, প্রশিক্ষণ ও সমর্থন প্রদানের মাধ্যমে কৃষ্ণাঙ্গ ও বাদামি ব্যবসার মালিকদের জন্য আরো সুযোগ তৈরি করছি।বর্তমানে সামাজিক সমতার কর্মসূচিগুলি কীভাবে বাস্তবায়িত হচ্ছে তা পরিবর্তনের জন্য এই বিঘ্ন সৃষ্টিকারী দিকে নেতৃত্বদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই।"

কুইন্সের স্থানটি গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভা কর্তৃক অনুমোদিত কর্মসূচির অংশ এবং CAURD লাইসেন্সপ্রাপ্তদের দ্বারা গাঁজা বিক্রির ডিসপেনসারিগুলোর অধিগ্রহণ, নকশা প্রণয়ন, নির্মাণকাজ, ও লোকেশনের আউটফিটিংয়ে সহায়তা করার জন্য এই তহবিল পৃষ্ঠপোষকতা করছে। নিউ ইয়র্ক স্টেটের ডরমিটরি অথোরিটির (Dormitory Authority of the State of New York, DASNY) সাবসিডিয়ারি সোশ্যাল ইক্যুইটি সার্ভিসিং কর্পোরেশন (Social Equity Servicing Corporation, SESC)-এর সঙ্গে কাজ করা এই তহবিল হচ্ছে নিউ ইয়র্কের নতুন তৈরি হওয়া প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শিল্পে সামাজিক সমতার উদ্যোক্তাদের সফল হওয়ার মতো অবস্থানে নিয়ে যাওয়ার জন্য গঠন করা একটি সরকারি-বেসরকারি সীমাবদ্ধ অংশীদারিত্ব। সোশ্যাল ইক্যুইটি ইমপ্যাক্ট ভেঞ্চার্স-এর ব্যবস্থাপনাধীন এই তহবিল বিচার ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত CAURD লাইসেন্সধারী ব্যক্তিদেরকে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা বিক্রির খুচরা ডিসপেনসারি প্রতিষ্ঠা করার খরচ বহন করতে সাহায্য করবে। লাইসেন্সিং ফি এবং প্রাপ্তবয়স্কদের ব্যবহারের গাঁজা শিল্প থেকে প্রাপ্ত রাজস্ব থেকে 50 মিলিয়ন ডলার পর্যন্ত এবং বেসরকারি খাত থেকে উত্তোলন করা 150 মিলিয়ন ডলার পর্যন্ত অর্থায়নের মাধ্যমে এটিকে সহায়তা করা হবে।

CAURD লাইসেন্স নিউ ইয়র্ক স্টেটের সিডিং অপরচুনিটি ইনিশিয়েটিভের একটি কেন্দ্রীয় স্তম্ভ। এই উদ্যোগের মাধ্যমে, নিউ ইয়র্কের প্রথম বৈধ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের খুচরা ডিসপেনসারিগুলো গাঁজা নিষিদ্ধকরণ আইন প্রয়োগের ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়া ব্যক্তিদের দ্বারা অথবা সাবেক কারারুদ্ধ ব্যক্তিদেরকে সহায়তা করার জন্য সেবা প্রদানকারী অলাভজনক সংস্থাগুলোর দ্বারা পরিচালিত হবে। এসব ডিসপেনসারি নিউ ইয়র্ক স্টেট জুড়ে কৃষকদের উৎপাদিত গাঁজা থেকে তৈরি পণ্যগুলো প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য বৈধভাবে বিক্রি করছে।

উপযুক্ত আবেদনকারীরা হলেন তারা যারা হয় নিজে গাঁজা রাখার জন্য দোষী সাব্যস্ত হয়েছেন, অথবা দোষী সাব্যস্ত হওয়া কোনো ব্যক্তির পরিবারের ঘনিষ্ঠ সদস্য যিনি কমপক্ষে দুই বছর ধরে নেট মুনাফা অর্জন করেছে এমন কোনো ব্যবসার বর্তমান বা সাবেক মালিক। অলাভজনক সংস্থাগুলো CAURD লাইসেন্স পাওয়ার জন্য উপযুক্ত ছিল যদি সেগুলোর বর্তমান বা সাবেক কারারুদ্ধ ব্যক্তিদের সেবা প্রদান করার ইতিহাস থাকে, যেমন সেসব ব্যক্তিদের জন্য কারিগরি শিক্ষা অর্জনের সুযোগ-সুবিধা তৈরি করা; বিচার ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত কমপক্ষে একজন বোর্ড সদস্য থাকে; কমপক্ষে পাঁচজন পূর্ণকালীন কর্মচারী থাকে; এবং কমপক্ষে দুই বছর ধরে মুনাফা বা নেট সম্পদ অর্জন করেছে এমন কোনো সামাজিক ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে থাকে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418